কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭
www.bjri.gov.bd

ফোন ঃ ৯১১০৮৬৮
৮১২১৯৩১-২
ফ্যাক্স ঃ ৯১১৮৪১৫
ই-মেইল dg@bjri.gov.bd

স্মারক নং- ৯৪২৫/১৪ তারিখঃ ০৬-০৬-২০১৯ খ্রিঃ

অফিস আদেশ

বিজেআরআই এর সকলস্তরের বিজ্ঞানী কর্মকর্তা/কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় কৃষি মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক মহোদয় কৃষি বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সকল সদস্যকে অবহিত করেছেন যে, মাননীয় সংসদ সদস্য ও প্রধানমন্ত্রীর বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা জনাব সালমান এফ রহমানকে নিয়ে ইতোমধ্যে মংলাসহ বিজেআরআই পরিদর্শন করেছেন। তিনি কৃষি বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি ও সাবেক কৃষি মন্ত্রী বেগম মতিয়া চৌধুরী, এমপিসহ সকল সদস্যবৃন্দকে বিজেআরআই পরিদর্শন করার প্রয়োজনীয়তা ব্যক্ত করেছেন। সে প্রেক্ষিতে বিজেআরআই এর মহাপরিচালক মহোদয় মাননীয় কৃষি মন্ত্রী এবং মাননীয় কৃষি বিষয়ক সংসদীয় কমিটির সভাপতিসহ সকল সম্মানিত সদস্যগণকে বিজেআরআই পরিদর্শন করে গবেষণার উন্নয়ন, সফলতা ও সীমাবদ্ধতা সরেজমিনে পর্যবেক্ষণ করে মূল্যবান মতামত দানের জন্য আমন্ত্রণ জানান। তারা ঈদের পর সুবিধাজনক সময়ে বিজেআরআই পরিদর্শনে আসার জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয়, পরিচালক, সকল বিজ্ঞানী ও প্রশাসনিক কর্মকর্তাদের বিজেআরআই এর গবেষণাসমূহ এবং সমগ্র অফিস ক্যাম্পাস দৃষ্টিনন্দন ও পরিষ্কার-পরিচ্ছন্ন করে সুষ্ঠু কর্মপরিবেশ নিশ্চিত করার জন্য সকলের প্রতি অনুরোধ জানিয়েছেন।

০৬/৬/২০১৯

(ড. মোঃ আসাদুজ্জামান)
মহাপরিচালক।

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণঃ

১। পরিচালক (কারিগরি/জুট টেক্সটাইল/কৃষি), বিজেআরআই।
২। বিভাগীয় প্রধান, ..., বিজেআরআই।
৩। সিস্টেম এনালিস্ট, বিজেআরআই (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। পরিচালক (প্রশাসন ও অর্থ), বিজেআরআই।
৫। পিএসও, খামার ব্যবস্থাপনা ইউনিট, বিজেআরআই।
৬। উপ-পরিচালক, অর্থ ও হিসাব/প্রশাসন, বিজেআরআই।
৭। সকল শাখা প্রধান, ..., মহাপরিদপ্তর, বিজেআরআই।
৮। পিএস-টু-ডিজি, বিজেআরআই।

C:\Users\user\Desktop\office order.docx